

মাদ্রাসায় ষষ্ঠ শ্রেণীতে ভর্তির নীতিমালা প্রয়োজন


ড. এম এনায়েত হোসেন

আজমতপুর আদর্শ কলেজ, কাশিপুর, গাজীপুর

প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার অকৃতকার্য শিক্ষার্থীরা মাদ্রাসায় গিয়ে ষষ্ঠ শ্রেণীতে ভর্তি হতে পারে— এমন আশঙ্কা দেখা দিয়েছে। এ প্রেক্ষাপটে মাদ্রাসায় ষষ্ঠ শ্রেণীতে শিক্ষার্থী ভর্তির নীতিমালা প্রণয়ন করা অত্যন্ত জরুরি মনে করি। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত এবং অনুমতিপ্রাপ্ত মাদ্রাসাগুলোর ষষ্ঠ শ্রেণীতে শিক্ষার্থী ভর্তির যোগ্যতা স্বী বা এখানে কার্য ভর্তি হতে পারবে তার সুস্পষ্ট কোনো নীতিমালা নেই। মাদ্রাসার এবেতদায়ি পঞ্চম শ্রেণী পাস শিক্ষার্থীরা মাদ্রাসা শিক্ষার ষষ্ঠ শ্রেণী এবং সাধারণ শিক্ষা ধারার ষষ্ঠ শ্রেণীতে ভর্তি হতে পারবে— এমন নিয়ম থাকে বাস্তবিক। মাদ্রাসা থেকে যারা এবেতদায়ি পঞ্চম শ্রেণী পাস করেছে তারা মাদ্রাসার পঞ্চম শ্রেণীতে আরবি ভাষা পড়া, সেবা ও অর্থ বুঝতে পারার দক্ষতা অর্জন করেছে। আরবি ব্যাকরণ শিখেছে। উচ্চ করে কোরআন পরিচ পড়তে শিখেছে। পাশাপাশি সাধারণ শিক্ষা ধারার পঞ্চম শ্রেণী মানের বাংলা, ইংরেজি, গণিত, পরিবেশ পরিচিতি সমাজ ও বিজ্ঞান বিষয়ে জ্ঞান অর্জন করেছে। এসব শিক্ষার্থীর মাদ্রাসায় ষষ্ঠ শ্রেণীতে ভর্তির পাশাপাশি সাধারণ বিদ্যালয়ে ষষ্ঠ শ্রেণীতে ভর্তির সুযোগ থাকা উচিত। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীন মাদ্রাসাগুলোর এবেতদায়ি পঞ্চম শ্রেণীতে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা অনুষ্ঠিত হয়নি। সেহেতু মাদ্রাসায় ষষ্ঠ শ্রেণীতে ভর্তি হতে সরকারি সনদের প্রয়োজন হবে না। অন্যদিকে মাদ্রাসা থেকে পঞ্চম শ্রেণী পাস করা মাদ্রাসার শিক্ষার্থীরা সাধারণ ধারার শিক্ষাপ্রতিষ্ঠানে ষষ্ঠ শ্রেণীতে ভর্তি হতে পারবে না। কারণ তাদের সমাপনী পরীক্ষার সনদ নেই। কিন্তু প্রশ্ন হলো, প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার অকৃতকার্য বা কৃতকার্য শিক্ষার্থীরা মাদ্রাসায় ষষ্ঠ শ্রেণীতে ভর্তি হতে পারবে কি না। স্বাভাবিকভাবে সমাপনী পরীক্ষার অকৃতকার্য শিক্ষার্থীদের মাদ্রাসায় ষষ্ঠ শ্রেণীতে ভর্তির আইনগত কোনো ভিত্তি নেই। সুযোগও নেই। একদিকে তারা একটি পাবলিক পরীক্ষার অকৃতকার্য এবং সরকারিভাবে ষষ্ঠ শ্রেণীতে ভর্তির অযোগ্য; অন্যদিকে সমাপনী পরীক্ষার কৃতকার্য হলে কি সাধারণ ধারার শিক্ষার্থীরা মাদ্রাসায় ষষ্ঠ শ্রেণীতে ভর্তি হতে

পারবে? উত্তর হওয়া উচিত—না। কারণ তারা মাদ্রাসার পঞ্চম শ্রেণী পর্যন্ত আরবি বিষয়গুলো পড়ালেবা করেনি। সুতরাং সাধারণ ধারার শিক্ষাপ্রতিষ্ঠান থেকে পঞ্চম শ্রেণী পাস করে মাদ্রাসায় ষষ্ঠ শ্রেণীতে ভর্তি হতে পারার কোনো সুযোগ থাকার কথা নয়। কিন্তু অধিকাংশ মাদ্রাসা সাধারণ ধারার পঞ্চম শ্রেণী পাস শিক্ষার্থীকে ষষ্ঠ শ্রেণীতে ভর্তি করে থাকে বলে অভিযোগ পাওয়া যায়। মাদ্রাসাগুলোর এবেতদায়ি সাধারণ অর্থ প্রাথমিক (১ম-৫ম শ্রেণী) সাধারণ শিক্ষার্থীর সংখ্যা অতিমাত্রায় কম থাকায় মাদ্রাসার শিক্ষকগণ সরাসরি ষষ্ঠ শ্রেণীতে শিক্ষার্থী ভর্তি করে থাকেন। এসব শিক্ষার্থীর অধিকাংশই আসে সাধারণ ধারার প্রাথমিক বিদ্যালয় থেকে।

মাদ্রাসায় ষষ্ঠ শ্রেণীতে শিক্ষার্থী ভর্তির সুস্পষ্ট নীতিমালা বা বিধি-নিষেধ না থাকায় এবারের প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার অকৃতকার্য শিক্ষার্থী বা যারা সমাপনী পরীক্ষার অংশগ্রহণ করেনি তারা মাদ্রাসায় ষষ্ঠ শ্রেণীতে ভর্তি



হবার সুযোগ গ্রহণ করতে পারে। সমাপনী পরীক্ষার অকৃতকার্য বা অংশগ্রহণ করেনি এমন শিক্ষার্থীকে মাদ্রাসা শিক্ষার ষষ্ঠ শ্রেণীতে ভর্তি হলে সরকার যে উদ্দেশ্যে সমাপনী পরীক্ষা গ্রহণ করেছে তা ব্যাহত হবে। সুতরাং অবিশ্যে শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষ থেকে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার অকৃতকার্যদের মাদ্রাসায় ষষ্ঠ শ্রেণীতে ভর্তির ওপর নিষেধাজ্ঞা আরোপ করে প্রকাশ্যে জারি করা বাস্তবিক। সাধারণ ধারার প্রাথমিক বিদ্যালয় থেকে পঞ্চম শ্রেণীর কৃতকার্য বা অকৃতকার্য উভয় শিক্ষার্থীর মাদ্রাসায় ষষ্ঠ শ্রেণীতে ভর্তি নিষিদ্ধ করা দরকার। আরবি বিষয়সমূহ না পড়ে, না শিখে যদি সরাসরি মাদ্রাসায় ষষ্ঠ শ্রেণীতে ভর্তি

হওয়া যায় তবে মাদ্রাসায় এবেতদায়ি বা প্রাথমিক সাধারণ প্রয়োজন স্বী। সাধারণ ধারার প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষার মতো মাদ্রাসায়ও এবেতদায়ি বা মাদ্রাসা প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা চালু করা প্রয়োজন। সকল ধারার শিক্ষাপ্রতিষ্ঠানের ষষ্ঠ শ্রেণীতে ভর্তির নীতিমালা থাকলে শিক্ষার ক্ষেত্রে নৈরাজ্য ও অসৈনিক পদক্ষেপ দূর হবে। প্রাথমিক স্তরে সকল শিক্ষাপ্রতিষ্ঠান স্বকীয়তা বজায় রেখে একই মানের পাঠ্যসূচি ও পরীক্ষা পদ্ধতি ব্যবসে শিক্ষা ক্ষেত্রে শৃঙ্খলা সুপ্রতিষ্ঠিত হবে। শিক্ষার মানের উৎকর্ষ সাধিত হবে। শিক্ষার্থীরা একই পর্যায়ের জ্ঞান অর্জন করতে পারবে।